

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

স্মারক নং- ৩৮২০

-এ,

তারিখ : ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ০৩ (তিন) জন মাননীয় বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি মুহাম্মদ আবদুল হাফিজ ২। বিচারপতি মোঃ শাহিনুর ইসলাম ৩। বিচারপতি কাশেফা হোসেন -কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ, ২৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.২৪.২০২ নম্বর প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

২। আগামী ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ, ২৫ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় নিয়োগপ্রাপ্ত মাননীয় বিচারকগণকে শপথ পাঠ করাবেন।

বিনীত

স্বা/-

মোঃ গোলাম রব্বানী
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট

স্মারক নং- ৩৮২০ (৪)

-এ,

তারিখ : ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ অ্যাটার্নি-জেনারেল, বাংলাদেশ।
২. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৩. মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [ওয়েব সাইটে প্রচারের জন্য]
৫. কোর্ট অফিসার, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫

E-mail: mizanur.87rah@yahoo.com